দৈনিক ইত্তেফাক

NOV. 25 2001

তারিখ ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৩...

সাংবাদিক সম্মেলনে শিক্ষক নেতৃবৃন্দ

# শিক্ষাঙ্গনকে রাজনৈতিক প্রভাবমুক্ত রাখুন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে রাজনৈতিক প্রভাবমুক্ত রাখতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন বাংলাদেশ শিক্ষক সমিতি

শিক্ষাঙ্গন : পৃষ্ঠা : ১৩ কলাম : ৮

## শিক্ষাঙ্গন : রাজনৈতিক

(৩য় পৃষ্ঠার পর)

ফেডারেশন নেতৃবৃন্দ। গতকাল এক সাংবাদিক সম্মেলন থেকে তারা এ আহ্বান জানান। পাশাপাশি শিক্ষক নেতৃবৃন্দ সাম্প্রতিককালে বিভিন্ন সন্ত্রাসী হামলায় কয়েকজন ছাত্র ও শিক্ষকের আহত এবং নিহত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন। জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ফেডারেশনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। উপস্থিত ছিলেন সভাপতি শেখ আমানুল্লাহ, মোঃ আজিজুল ইসলাম, অধ্যক্ষ আসাদুল হক, একেএম জহিরুল ইসলাম, এসএমএ জলিল, আবদুর রব মিয়া, নূরুন নবী সিদ্দিকী, বদিউল আলম, নজরুল ইসলাম, [illegible], আনোয়ারুল করিম প্রমুখ।

লিখিত বক্তব্যে শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করতে ছাত্র রাজনীতিকে দলীয় রাজনীতি থেকে পৃথক করার ব্যাপারে সরকারকে কার্যকর উদ্যোগ গ্রহণের আহ্বান জানিয়ে বলা হয়, 'তবেই শিক্ষাঙ্গনে সন্ত্রাস কমে যাবে এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরে আসবে।' শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটিতে রাজনৈতিক ব্যক্তি ও সংসদ সদস্যদের মনোনয়ন বন্ধের দাবি জানিয়ে বলা হয়, 'এ কারণেই ভর্তি পরীক্ষা ব্যতিরেকে বা পরীক্ষায় অনুত্তীর্ণদের ভর্তি, প্রাপ্য নয় এমন শিক্ষার্থীকে কনসেশন প্রদান, বার্ষিক পরীক্ষায় অনুত্তীর্ণদের প্রমোশন এবং নির্বাচনী পরীক্ষায় অনুত্তীর্ণদের পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের চাপসহ বিভিন্ন অনাকাঙ্ক্ষিত ঘটনার জন্ম হয়।'

এছাড়া শিক্ষকতা পেশার মান বৃদ্ধির জন্য পৃথক বেতন কমিশন গঠন ও সময়মতো শিক্ষার্থীদের হাতে পাঠ্যপুস্তক পৌছানোর ব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহণের দাবি জানানো হয়।

শিক্ষক নেতৃবৃন্দ সম্প্রতি চট্টগ্রামে অধ্যক্ষ গোপালকৃষ্ণ মুহুরী, কুমিল্লায় অধ্যক্ষ গিয়াস উদ্দিন আহমেদ ও নারায়ণগঞ্জে অষ্টম শ্রেণীর ছাত্রের গুলিবিদ্ধ হয়ে নিহত হওয়ার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে আগামী ২ ডিসেম্বর প্রতিটি জেলা শহরে সর্ব পেশাজীবীকে নিয়ে যৌথ সভা-কর্মসূচি পালনের ঘোষণা দেন।